

ঘারঘায়দিন

তাৰিখ 21 DEC 2006
স্থান কলা

১

কারমাইকেল কলেজ বন্ধ ঘোষণা শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ

রংপুর সংবাদদাতা



মঙ্গলবারের ঘটনার পরিপ্রেক্ষিতে রংপুরের কারমাইকেল কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। একই সঙ্গে আবাসিক শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। গতকাল বৃধিবার সকাল থেকে বিকাল পর্যন্ত পথকভাবে ছাত্রলীগ ও ছাত্রসমাজ ঘোষ উদ্যোগে এবং ছাত্রশিবির বিক্ষেপ সমাবেশ করেছে। ক্যাম্পাসে ব্যাপক দাঙ্গা পুলিশ মোড়ায়েন করা হয়েছে।

এদিকে কলেজে সহিংস ঘটনার আশঙ্কায় গতকাল সকাল সাড়ে ৯টা থেকে ১১টা পর্যন্ত একাডেমিক কাউন্সিলের বৈঠক অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ প্রফেসর মুহাম্মদ নুরুলী চৌধুরীর সভাপতিত্বে বৈঠকে আজ বৃহস্পতিবার ও শনিবার কলেজ বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া গতকাল বৃধিবার দুপুর ২টা থেকে আবাসিক শিক্ষার্থীদের হল ত্যাগেরও নির্দেশ দেয়া হয়। তবে হলগুলোয় পরীক্ষার্থীরা থাকতে পারবেন। এ নির্দেশ দেয়ার পরপরই হলগুলো থেকে শিক্ষার্থীদের লাগেজ নিয়ে বের হতে দেখা যায়।

এদিকে গতকাল সকাল থেকে কলেজের প্রবেশ গেটে ছাত্রলীগ ও ছাত্রসমাজ অবস্থান নিয়ে বিক্ষেপ সমাবেশ করে। অন্যদিকে ছাত্রশিবির সমাবেশ করে ক্যাম্পাসের শহীদ মিনারে। এ দুটি সমাবেশ বজ্রাবা পরম্পরাকে দাঁয়ি করে বজ্রব্য রাখেন। উরেখ্য, মঙ্গলবার কলেজে ছাত্রশিবিরের সঙ্গে ছাত্রলীগ, ছাত্রসমাজ ও স্থানীয় ব্যবসায়ীদের সংঘর্ষে